দৈনিক ইনকিলাব

১৬

তারিখ 16 MAR 1989
পৃষ্ঠা ১ কলাম ৭

ডকুমেন্টেশন কেন্দ্র

১০২

# নকল রোধে সমাজের সকলস্তরের সহযোগিতা গড়ে তোলা প্রয়োজন —শিক্ষামন্ত্রী

।। স্টাফ রিপোর্টার ।।

পরীক্ষায় নকল প্রবণতা রোধে সরকারের গৃহীত ব্যবস্থার পাশাপাশি সমাজের সকলস্তরের জনসাধারণের সহযোগিতায় নকল প্রতিরোধ আন্দোলন গড়ে তোলা প্রয়োজন।

শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

## শিক্ষামন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর

গতকাল সকালে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে শিক্ষা মন্ত্রী শেখ শহীদুল ইসলাম একথা বলেন। তিনি বলেন, ইতিমধ্যেই যুব ইউনিয়ন, ছাত্র সংগ্রাম পরিষদ, অভিভাবক মহল এবং শিক্ষক সংগঠনসমূহ নকলের বিরুদ্ধে সোচ্চার হয়েছে।

মন্ত্রী বলেন, নকল প্রবণতা রোধে অধিকতর প্রশাসনিক সাহায্য ও সহযোগিতা প্রদানের জন্যে পরীক্ষা কেন্দ্রগুলোকে উপজেলা পর্যায়ে সীমাবদ্ধ রাখা হয়েছে। সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনার জন্যে তিনি শিক্ষক অভিভাবক এবং সকল স্তরের জনসাধারণের সহযোগিতা কামনা করেছেন। মন্ত্রী বলেন, উপজেলা পর্যায়ে পরীক্ষা কেন্দ্র নিয়ে আসায় দূরবর্তী এলাকার ছাত্র ছাত্রীদের অসুবিধার কথা চিন্তা করেই স্বল্প সময়ে পরীক্ষা নেয়ার ব্যবস্থা করা হয়েছে।

শিক্ষা মন্ত্রী বলেন, শিক্ষাকে প্রাইভেট টিউশনের উপর নির্ভরশীল না করে এর মান বৃদ্ধির লক্ষ্যে মন্ত্রণালয়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।